৩/৮ ২৩/৮/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.২০১৭- ৪০৭

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৪
১০ আগষ্ট ২০১৭

প্রেরক ঃ মোঃ শফিকুল ইসলাম
উপসচিব

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সিএজি ভবন, কক্ষ নম্বর- ৪১৭
সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় ঃ চলতি ২০১৭-১৮ অর্থ বছরে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান কার্যক্রমের আওতায় সারাদেশে ১ম কিস্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০১৭ প্রান্তিকে) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা ০১টি উৎসব ভাতা এবং গত ২০১৬-১৭ অর্থবছরের বকেয়া উৎসব ভাতা বাবদ সর্বমোট ৯৬৩,৩৬,৬৭,৫০০/- (নয়শত তেষট্টি কোটি ছত্রিশ লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত) টাকা ছাড়করণে আর্থিক মঞ্জুরী জ্ঞাপন।**

আদিষ্ট হয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা প্রদান কার্যক্রম' এর আওতায় চলতি ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে ১ম কিস্তিতে (জুলাই-সেপ্টেম্বর, ২০১৭ প্রান্তিকে) মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ ৫৫২,৪১,১০,০০০/- (পাঁচশত বাহান্ন কোটি একচল্লিশ লক্ষ দশ হাজার) টাকা, উৎসব ভাতা বাবদ ১৮৪,১৩,৭০,০০০/- (একশত চুরাশি কোটি তের লক্ষ সত্তর হাজার) টাকা এবং গত ২০১৬-১৭ অর্থবছরের বকেয়া উৎসব ভাতা বাবদ ২২৬.৮১,৮৭,৫০০/- (দুইশত ছাব্বিশ কোটি একাশি লক্ষ সাতাশি হাজার পাঁচশত) টাকাসহ সর্বমোট (৫৫২,৪১,১০,০০০+১৮৪,১৩,৭০,০০০+২২৬,৮১,৮৭,৫০০)= ৯৬৩,৩৬,৬৭,৫০০/- (নয়শত তেষট্টি কোটি ছত্রিশ লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত) টাকা নিম্নোক্ত শর্ত ও বিভাজন অনুসারে অর্থ ছাড়ের নিমিত্ত সরকারি আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছিঃ-

(অংক সমূহ টাকায়)

| ক্রমিক | জেলার নাম | ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা ২০১৬-১৭ | ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা ২০১৭-১৮ (ন্যাপ কমিউনিস্ট ছাত্র ইউনিয়ন ও গেরিলা বাহিনীসহ) | ১ম প্রান্তিকে বরাদ্দ (জুলাই ২০১৭ থেকে সেপ্টেম্বর ২০১৭) জনপ্রতি মাসিক ১০,০০০/- টাকা হারে | উৎসব ভাতা (চলতি জনপ্রতি ১০,০০০/- টাকা হারে) | বকেয়া উৎসব ভাতা (জনপ্রতি ১২,৫০০/- টাকা হারে ২০১৬-১৭ অর্থবছরের ১,৮১,৪৫৫ জন ভাতাভোগীর সংখ্যা অনুসারে) | মোট টাকার পরিমান |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১। | ঢাকা | ৪৯৬৭ | ৫১৭১ | ১৫৫১৩০০০০ | ৫১৭১০০০০ | ৬২০৮৭৫০০ | ২৬,৮৯,২৭,৫০০/- |
| ২। | নারায়নগঞ্জ | ২২৭১ | ২৪৫৪ | ৭৩৬২০০০০ | ২৪৫৪০০০০ | ২৮৩৮৭৫০০ | ১২,৬৫,৪৭,৫০০/- |
| ৩। | গাজীপুর | ৩০৫৪ | ৩০৮১ | ৯২৪৩০০০০ | ৩০৮১০০০০ | ৩৮১৭৫০০০ | ১৬,১৪,১৫,০০০/- |
| ৪। | মুন্সিগঞ্জ | ২২৫৮ | ২৩০৪ | ৬৯১২০০০০ | ২৩০৪০০০০ | ২৮২২৫০০০ | ১২,০৩,৮৫,০০০/- |
| ৫। | মানিকগঞ্জ | ১৮৫৬ | ১৮৬৬ | ৫৫৯৮০০০০ | ১৮৬৬০০০০ | ২৩২০০০০০ | ৯,৭৮,৪০,০০০/- |
| ৬। | নরসিংদি | ৪৪৫০ | ৪৭৮০ | ১৪৩৪০০০০০ | ৪৭৮০০০০০ | ৫৫৬২৫০০০ | ২৪,৬৮,২৫,০০০/- |
| ৭। | টাঙ্গাইল | ৮৩৮০ | ৮৩৯৩ | ২৫১৭৯০০০০ | ৮৩৯৩০০০০ | ১০৪৭৫০০০০ | ৪৪,০৪,৭০,০০০/- |
| ৮। | ময়মনসিংহ | ৫৫৮৩ | ৫৬৩০ | ১৬৮৯০০০০০ | ৫৬৩০০০০০ | ৬৯৭৮৭৫০০ | ২৯,৪৯,৮৭,৫০০/- |
| ৯। | কিশোরগঞ্জ | ৩৫৩৪ | ৩৫৭৭ | ১০৭৩১০০০০ | ৩৫৭৭০০০০ | ৪৪১৭৫০০০ | ১৮,৭২,৫৫,০০০/- |
| ১০। | নেত্রকোণা | ৩০০৭ | ৩০৫৮ | ৯১৭৪০০০০ | ৩০৫৮০০০০ | ৩৭৫৮৭৫০০ | ১৫,৯৯,০৭,৫০০/- |
| ১১। | জামালপুর | ২৪০১ | ২৪১৩ | ৭২৩৯০০০০ | ২৪১৩০০০০ | ৩০০১২৫০০ | ১২,৬৫,৩২,৫০০/- |
| ১২। | শেরপুর | ১৩৩১ | ১৩৩৫ | ৪০০৫০০০০ | ১৩৩৫০০০০ | ১৬৬৩৭৫০০ | ৭,০০,৩৭,৫০০/- |
| ১৩। | ফরিদপুর | ৩৮৮২ | ৩৮৮৮ | ১১৬৬৪০০০০ | ৩৮৮৮০০০০ | ৪৮৫২৫০০০ | ২০,৪০,৪৫,০০০/- |
| ১৪। | মাদারীপুর | ২৫০৯ | ২৫২২ | ৭৫৬৬০০০০ | ২৫২২০০০০ | ৩১৩৬২৫০০ | ১৩,২২,৪২,৫০০/- |

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

| ক্রমিক | জেলার নাম | ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা ২০১৬-১৭ | ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা (ন্যাপ কমিউনিস্ট ছাত্র ইউনিয়ন ও গেরিলা বাহিনীসহ) | ১ম প্রান্তিকে বরাদ্দ (জুলাই ২০১৭ থেকে সেপ্টেম্বর ২০১৭) জনপ্রতি মাসিক ১০,০০০/- টাকা হারে | উৎসব ভাতা (চলতি জনপ্রতি ১০,০০০/- টাকা হারে) | বকেয়া উৎসব ভাতা (জনপ্রতি ১২,৫০০/- টাকা হারে ২০১৬-১৭ অর্থবছরের ১,৮১,৪৫৫ জন ভাতাভোগীর সংখ্যা অনুসারে) | মোট টাকার পরিমান |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ১৫। | শরিয়তপুর | ২১০৪ | ২১২১ | ৬৩৬৩০০০০ | ২১২১০০০০ | ২৬৩০০০০০ | ১১,১১,৪০,০০০/- |
| ১৬। | রাজবাড়ি | ১২১৭ | ১২২৪ | ৩৬৭২০০০০ | ১২২৪০০০০ | ১৫২১২৫০০ | ৬,৪১,৭২,৫০০/- |
| ১৭। | গোপালগঞ্জ | ৫৭৯১ | ৫৮২৮ | ১৭৪৮৪০০০০ | ৫৮২৮০০০০ | ৭২৩৮৭৫০০ | ৩০,৫৫,০৭,৫০০/- |
| ১৮। | বরিশাল | ৬৫১৭ | ৬৫৮০ | ১৯৭৪০০০০০ | ৬৫৮০০০০০ | ৮১৪৬২৫০০ | ৩৪,৪৬,৬২,৫০০/- |
| ১৯। | পিরোজপুর | ২৭০৮ | ২৮৩৪ | ৮৫০২০০০০ | ২৮৩৪০০০০ | ৩৩৮৫০০০০ | ১৪,৭২,১০,০০০/- |
| ২০। | ঝালকাঠি | ১৯৭০ | ১৯৭৬ | ৫৯২৮০০০০ | ১৯৭৬০০০০ | ২৪৬২৫০০০ | ১০,৩৬,৬৫,০০০/- |
| ২১। | ভোলা | ১৪৬৪ | ১৪৭৪ | ৪৪২২০০০০ | ১৪৭৪০০০০ | ১৮৩০০০০০ | ৭,৭২,৬০,০০০/- |
| ২২। | পটুয়াখালি | ১১৯১ | ১২০২ | ৩৬০৬০০০০ | ১২০২০০০০ | ১৪৮৮৭৫০০ | ৬,২৯,৬৭,৫০০/- |
| ২৩। | বরগুনা | ১১৯২ | ১১৯৫ | ৩৫৮৫০০০০ | ১১৯৫০০০০ | ১৪৯০০০০০ | ৬,২৭,০০,০০০/- |
| ২৪। | চট্টগ্রাম | ৭৮৩৭ | ৮০১৬ | ২৪০৪৮০০০০ | ৮০১৬০০০০ | ৯৭৯৬২৫০০ | ৪১,৮৬,০২,৫০০/- |
| ২৫। | কক্সবাজার | ৩৫৫ | ৩৫৯ | ১০৭৭০০০০ | ৩৫৯০০০০ | ৪৪৩৭৫০০ | ১,৮৭,৯৭,৫০০/- |
| ২৬। | নোয়াখালী | ৪৮৪৫ | ৪৯৬৩ | ১৪৮৮৯০০০০ | ৪৯৬৩০০০০ | ৬০৫৬২৫০০ | ২৫,৯০,৮২,৫০০/- |
| ২৭। | ফেনী | ২৮৪১ | ২৯০৮ | ৮৭২৪০০০০ | ২৯০৮০০০০ | ৩৫৫১২৫০০ | ১৫,১৮,৩২,৫০০/- |
| ২৮। | লক্ষ্মীপুর | ১৭৭২ | ১৭৮৮ | ৫৩৬৪০০০০ | ১৭৮৮০০০০ | ২২১৫০০০০ | ৯,৩৬,৭০,০০০/- |
| ২৯। | কুমিল্লা | ৮১৭১ | ৮২৫৭ | ২৪৭৭১০০০০ | ৮২৫৭০০০০ | ১০২১৩৭৫০০ | ৪৩,২৪,১৭,৫০০/- |
| ৩০। | ব্রাহ্মণবাড়ীয়া | ৬৭২৭ | ৬৭৩৯ | ২০২১৭০০০০ | ৬৭৩৯০০০০ | ৮৪০৮৭৫০০ | ৩৫,৩৬,৪৭,৫০০/- |
| ৩১। | চাঁদপুর | ৩৫২৫ | ৩৫৬৯ | ১০৭০৭০০০০ | ৩৫৬৯০০০০ | ৪৪০৬২৫০০ | ১৮,৬৮,২২,৫০০/- |
| ৩২। | রাঙ্গামাটি পা. জেলা | ১৪৭ | ১৫১ | ৪৫৩০০০০ | ১৫১০০০০ | ১৮৩৭৫০০ | ৭৮,৭৭,৫০০/- |
| ৩৩। | বান্দরবান পা. জেলা | ১৪৯ | ১৪৯ | ৪৪৭০০০০ | ১৪৯০০০০ | ১৮৬২৫০০ | ৭৮,২২,৫০০/- |
| ৩৪। | খাগড়াছড়ি পা. জেলা | ৫৫৪ | ৫৫৪ | ১৬৬২০০০০ | ৫৫৪০০০০ | ৬৯২৫০০০ | ২,৯০,৮৫,০০০/- |
| ৩৫। | সিলেট জেলা | ৪২৫২ | ৪২৫৭ | ১২৭৭১০০০০ | ৪২৫৭০০০০ | ৫৩১৫০০০০ | ২২,৩৪,৩০,০০০/- |
| ৩৬। | মৌলভীবাজার | ১৫৪৮ | ১৫৮২ | ৪৭৪৬০০০০ | ১৫৮২০০০০ | ১৯৩৫০০০০ | ৮,২৬,৩০,০০০/- |
| ৩৭। | সুনামগঞ্জ | ৩৯৭৪ | ৩৯৮৩ | ১১৯৪৯০০০০ | ৩৯৮৩০০০০ | ৪৯৬৭৫০০০ | ২০,৮৯,৯৫,০০০/- |
| ৩৮। | হবিগঞ্জ | ২০৯২ | ২০৯৬ | ৬২৮৮০০০০ | ২০৯৬০০০০ | ২৬১৫০০০০ | ১০,৯৯,৯০,০০০/- |
| ৩৯। | রাজশাহী | ২৪০৭ | ২৪৭৪ | ৭৪২২০০০০ | ২৪৭৪০০০০ | ৩০০৮৭৫০০ | ১২,৯০,৪৭,৫০০/- |
| ৪০। | নওগাঁ | ৩০৩৪ | ৩০৫৪ | ৯১৬২০০০০ | ৩০৫৪০০০০ | ৩৭৯২৫০০০ | ১৬,০০,৮৫,০০০/- |
| ৪১। | নাটোর | ১৪৪৩ | ১৪৭১ | ৪৪১৩০০০০ | ১৪৭১০০০০ | ১৮০৩৭৫০০ | ৭,৬৮,৭৭,৫০০/- |
| ৪২। | চাঁপাইনবাবগঞ্জ | ২১১৪ | ২১২৯ | ৬৩৮৭০০০০ | ২১২৯০০০০ | ২৬৪২৫০০০ | ১১,১৫,৮৫,০০০/- |
| ৪৩। | পাবনা | ২৬১৩ | ২৭২৫ | ৮১৭৫০০০০ | ২৭২৫০০০০ | ৩২৬৬২৫০০ | ১৪,১৬,৬২,৫০০/- |
| ৪৪। | সিরাজগঞ্জ | ৩২৩৩ | ৩২৫৫ | ৯৭৬৫০০০০ | ৩২৫৫০০০০ | ৪০৪১২৫০০ | ১৭,০৬,১২,৫০০/- |
| ৪৫। | বগুড়া | ৩০৫৯ | ৩০৮৯ | ৯২৬৭০০০০ | ৩০৮৯০০০০ | ৩৮২৩৭৫০০ | ১৬,১৭,৯৭,৫০০/- |
| ৪৬। | জয়পুরহাট | ৭৫১ | ৭৭৯ | ২৩৩৭০০০০ | ৭৭৯০০০০ | ৯৩৮৭৫০০ | ৪,০৫,৪৭,৫০০/- |
| ৪৭। | রংপুর | ১২৭৫ | ১৩১২ | ৩৯৩৬০০০০ | ১৩১২০০০০ | ১৫৯৩৭৫০০ | ৬,৮৪,১৭,৫০০/- |
| ৪৮। | গাইবান্ধা | ২০৩১ | ২০৮৭ | ৬২৬১০০০০ | ২০৮৭০০০০ | ২৫৩৮৭৫০০ | ১০,৮৮,৬৭,৫০০/- |
| ৪৯। | কুড়িগ্রাম | ৪১৮৪ | ৪২১২ | ১২৬৩৬০০০০ | ৪২১২০০০০ | ৫২৩০০০০০ | ২২,০৭,৮০,০০০/- |
| ৫০। | নীলফামারী | ৮৬৯ | ৯৪৩ | ২৮২৯০০০০ | ৯৪৩০০০০ | ১০৮৬২৫০০ | ৪,৮৫,৮২,৫০০/- |
| ৫১। | লালমনিরহাট | ১৯১২ | ১৯৪২ | ৫৮২৬০০০০ | ১৯৪২০০০০ | ২৩৯০০০০০ | ১০,১৫,৮০,০০০/- |
| ৫২। | দিনাজপুর | ৩৬২৬ | ৩৬৮২ | ১১০৪৬০০০০ | ৩৬৮২০০০০ | ৪৫৩২৫০০০ | ১৯,২৬,০৫,০০০/- |
| ৫৩। | ঠাকুরগাঁও | ১৪৭২ | ১৫০২ | ৪৫০৬০০০০ | ১৫০২০০০০ | ১৮৪০০০০০ | ৭,৮৪,৮০,০০০/- |
| ৫৪। | পঞ্চগড় | ১৯০৪ | ১৯৪২ | ৫৮২৬০০০০ | ১৯৪২০০০০ | ২৩৮০০০০০ | ১০,১৪,৮০,০০০/- |

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

| ক্রমিক | জেলার নাম | ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা ২০১৬-১৭ | ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা (ন্যাপ কমিমিউনিস্ট ছাত্র ইউনিয়ন ও গেরিলা বাহিনীসহ) | ১ম প্রান্তিকে বরাদ্দ (জুলাই ২০১৭ থেকে সেপ্টেম্বর ২০১৭) জনপ্রতি মাসিক ১০,০০০/- টাকা হারে | উৎসব ভাতা (চলতি জনপ্রতি ১০,০০০/- টাকা হারে) | বকেয়া উৎসব ভাতা ( জনপ্রতি ১২,৫০০/- টাকা হারে ২০১৬-১৭ অর্থবছরের ১,৮১,৪৫৫ জন ভাতাভোগীর সংখ্যা অনুসারে) | মোট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| ৫৫। | খুলনা | ১৭৮০ | ১৮১৫ | ৫৪৪৫০০০০ | ১৮১৫০০০০ | ২২২৫০০০০ | ৯,৪৮,৫০,০০০/- |
| ৫৬। | বাগেরহাট | ৪৫৮৪ | ৪৬০০ | ১৩৮০০০০০০ | ৪৬০০০০০০ | ৫৭৩০০০০০ | ২৪,১৩,০০,০০০/- |
| ৫৭। | সাতক্ষীরা | ২২৭৯ | ২২৮২ | ৬৮৪৬০০০০ | ২২৮২০০০০ | ২৮৪৮৭৫০০ | ১১,৯৭,৬৭,৫০০/- |
| ৫৮। | যশোর | ২৮৭১ | ২৮৭৮ | ৮৬৩৪০০০০ | ২৮৭৮০০০০ | ৩৫৮৮৭৫০০ | ১৫,১০,০৭,৫০০/- |
| ৫৯। | মাগুরা | ১৬৮৩ | ১৬৮৩ | ৫০৪৯০০০০ | ১৬৮৩০০০০ | ২১০৩৭৫০০ | ৮,৮৩,৫৭,৫০০/- |
| ৬০। | ঝিনাইদহ | ২০৮৩ | ২১০৭ | ৬৩২১০০০০ | ২১০৭০০০০ | ২৬০৩৭৫০০ | ১১,০৩,১৭,৫০০/- |
| ৬১। | নড়াইল | ২৩৪১ | ২৩৫৬ | ৭০৬৮০০০০ | ২৩৫৬০০০০ | ২৯২৬২৫০০ | ১২,৩৫,০২,৫০০/- |
| ৬২। | কুষ্টিয়া | ৩০৫৬ | ৩০৯৫ | ৯২৮৫০০০০ | ৩০৯৫০০০০ | ৩৮২০০০০০ | ১৬,২০,০০,০০০/- |
| ৬৩। | চুয়াডাঙ্গা | ১৪৫৯ | ১৪৭৮ | ৪৪৩৪০০০০ | ১৪৭৮০০০০ | ১৮২৩৭৫০০ | ৭,৭৩,৫৭,৫০০/- |
| ৬৪। | মেহেরপুর | ৯৬৬ | ৯৬৮ | ২৯০৪০০০০ | ৯৬৮০০০০ | ১২০৭৫০০০ | ৫,০৭,৯৫,০০০/- |
| | মোট= | ১৮১৪৫৫ | ১৮৪১৩৭ | ৫৫২,৪১,১০,০০০/- | ১৮৪,১৩,৭০,০০০/- | ২২৬,৮১,৮৭,৫০০/- | ৯৬৩,৩৬,৬৭,৫০০/- |

০২। ছাড়কৃত ৯৬৩,৩৬,৬৭,৫০০/- (নয়শত তেষট্টি কোটি ছত্রিশ লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত) টাকা **জুলাই** থেকে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত তিন মাসের সম্মানী ভাতা এবং উৎসব ভাতা বাবদ (চলতি ও বকেয়া) চলতি ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেটে ৩-৬৩০৫-৩৫৮৭-৫৯২৫ 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা' কার্যক্রম ৫৯০০ সাহায্য মঞ্জুরি ৫৯২৫ কল্যাণ অনুদান খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে;

০৩। বরাদ্দকৃত ৯৬৩,৩৬,৬৭,৫০০/- (নয়শত তেষট্টি কোটি ছত্রিশ লক্ষ সাতষট্টি হাজার পাঁচশত) টাকা সারণীতে বর্ণিত সংশ্লিষ্ট জেলার নামের পার্শ্বে প্রদর্শিত সম্মানী ভাতাভোগী মুক্তিযোদ্ধার সংখ্যা অনুসারে সর্বমোট ১৮৪১৩৭ জন মুক্তিযোদ্ধার মাঝে সম্মানী ভাতা এবং উৎসব ভাতা বাবদ (চলতি উৎসব ভাতা জনপ্রতি ১০,০০০/- টাকা হারে এবং বকেয়া উৎসব ভাতা ২০১৬-১৭ অর্থবছরের সর্বশেষ ভাতাভোগীর সংখ্যানুপাতে মোট ১,৮১,৪৫৫ জন মুক্তিযোদ্ধার মাঝে জনপ্রতি ১২,৫০০/- টাকা হারে) বিতরণের জন্য অনুরোধ জানানো হল;

০৪। সংশ্লিষ্ট জেলার পার্শ্বে প্রদর্শিত (১ম পর্যায়ে) ও বরাদ্দকৃত অর্থ (**জুলাই** থেকে সেপ্টেম্বর ২০১৭ পর্যন্ত তিন মাসের জন্য এবং চলতি ও বকেয়া উৎসব ভাতা বাবদ) বিতরণের/উত্তোলনের জন্য সকল জেলা প্রশাসকগনের নিকট অথরিটি প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল (সারণীর কলাম ৮ অনুসারে)। জেলা প্রশাসকগণ তার জেলার অনুকূলে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বাবদ বরাদ্দকৃত অর্থ আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে জেলা হিসাবরক্ষণ কার্যালয় থেকে উত্তোলনপূর্বক সোনালী ব্যাংক/অগ্রণী ব্যাংক/জনতা ব্যাংক/বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে 'মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা হিসাব' খুলে বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

০৫। এ মন্ত্রণালয়ের ১২ জুন ২০১৭ তারিখের ২৪২ নং স্মারকে জারিকৃত পরিপত্রের আলোকে জেলা প্রশাসক ফেরত প্রদানকৃত মুক্তিযোদ্ধাদের কাগজপত্র যাচাই-বাছাইপূর্বক বিধি-মোতাবেক ভাতা প্রদান করবেন;

০৬। যাচাই-বাছাইকালে বিদ্যমান নীতিমালা ও এতদবিষয়ে জারীকৃত পরিপত্রের আলোকে কোন মুক্তিযোদ্ধা ভাতা প্রাপ্তির যোগ্য বিবেচিত না হলে বরাদ্দকৃত অর্থ বিতরণ না করে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১-৬৩০১-০০০১-২৬৭১ কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করে এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

০৭। সম্মানী ভাতা পরিশোধে সকল আর্থিক বিধি-বিধান ও সরকারি নিয়মাচার অনুসরণ করতে হবে। অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে;

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

০৮। এ মন্ত্রণালয় থেকে ০২-০৯-২০১৫ তারিখে জারীকৃত ৩৪০ সংখ্যক পরিপত্র ও ২৫ এপ্রিল ২০১৬ তারিখের ৬০০ সংখ্যক স্মারক অনুসারে যাচাই-বাছাইয়ান্তে মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণ নিশ্চিত করার অনুরোধের পরও লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষেত্রে মুক্তিযোদ্ধার স্বপক্ষে প্রমানাদি যথাযথভাবে যাচাই/প্রমাণ ব্যতিরেকেই ভাতা প্রদান করা হচ্ছে; ভাতা বিতরণের ক্ষেত্রে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কমিটি/ভাতা বিতরণকারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন;

০৯। আগামি ২০/১০/২০১৭ তারিখের মধ্যে জেলার অনুকূলে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী ও সমন্বয় হিসাব প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে;

১০। সরকারি অনুদানের অর্থ ব্যাংক হিসাবে অব্যহৃত থাকলে সরকারি কোষাগারে জমা করতঃ (কোড নম্বর-১-৬৩০১-০০০১-২৬৭১) আর্থিক শৃঙ্খলা ও সঠিক হিসাবায়নের লক্ষ্যে অডিট করতঃ প্রতিবেদন অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

১১। সম্মানী ভাতা এবং উৎসব ভাতা বিতরণ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এই অর্থ ব্যয় করা যাবে না;

১২। মুক্তিযোদ্ধা সম্মানী ভাতা বিতরণের ক্ষেত্রে কোন ভাবেই অগ্রিম ভাতা প্রদান করা যাবে না তবে এ বছর ঈদুল আযহা উদযাপনের জন্য সেপ্টেম্বর ২০১৭ মাসের ভাতা বিশেষ বিবেচনায় অগ্রিম উত্তোলনের সুযোগ দেয়া যাবে এবং প্রতি মাস শেষে মুক্তিযোদ্ধাদের অনুকূলে মুক্তিযোদ্ধার ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা প্রদান নিশ্চিত করতে হবে ;

১৩। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ ব্যতিত অন্য সকল গেজেটভূক্ত প্রকৃত মুক্তিযোদ্ধার সঠিকতা নির্ণয়ের বিষয়টি পুনরায় উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে প্রেক্ষিতে ভারতীয় তালিকা, লাল মুক্তিবার্তা তালিকা ব্যতিত অন্য সকল গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা/পোষ্যদের কোন রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা পেতে হলে এ মর্মে অঙ্গীকার প্রদান করতে হবে যে, চূড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত হতে না পারলে এ যাবৎ গ্রহণকৃত সকল সুযোগ-সুবিধা প্রত্যার্পন করতে বাধ্য থাকবেন।

১৪। প্রত্যেক সম্মানী ভাতা প্রাপ্ত মুক্তিযোদ্ধার ভাতা তাঁর ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করতে হবে অথবা একাউন্টপেয়ি চেকের মাধ্যমে ভাতা প্রদান করতে হবে। এর কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, সমাজসেবা কর্মকর্তা ও ব্যাংক ম্যানেজার দায়ী হবেন। বিষয়টি সংশ্লিষ্ট জেলা প্রশাসক নিশ্চিত করবেন;

১৫। অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন, ২০১৮ তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে (১-৬৩০১-০০০১-২৬৭১ সংখ্যক কোডে) সরকারি কোষাগারে জমাকরতঃ এ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে এবং বিতরণের সাথে সাথে অব্যয়িত টাকার পরিমাণ এ মন্ত্রণালয়কে জানাতে হবে;

১৬। মুক্তিযোদ্ধা সম্মানীভাতা তালিকায় নতুনভাবে অন্তর্ভুক্তি বন্ধ/স্থগিত ভাতা চালুকরনের ক্ষেত্রে পূর্বের গেজেট, সনদ,লাল মুক্তিবার্তা, ভারতীয় তালিকা এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদ ১২-০৬-২০১৭ তারিখের ২৪২ সংখ্যক পরিপত্রের নির্দেশনা অনুয়ায়ী কেবলমাত্র web site এ মুক্তিযোদ্ধার তথ্য পরীক্ষার মাধ্যমে সম্মানী ভাতা প্রদান করতে হবে;

১৭। উপজেলা যাচাই বাছাই কমিটি কর্তৃক যাঁদের কে মুক্তিযোদ্ধা নন বলে প্রতিবেদন দিয়েছেন তাঁদের ভাতা আপাতত: প্রদান না করে - কেন ভাতা বন্ধ করা হবে না তাঁর কারণ দর্শানোর নোটিশ প্রদান করতে হবে;

১৮। বর্তমানে web site ভুক্ত ভারতিয় তালিকা, লাল মুক্তিবার্তা, সেনা বাহিনী গেজেট, নৌ বাহিনী গেজেট, বিমান বাহিনী গেজেট, বিজিবি গেজেট,পুলিশ গেজেট, আনসার ও ভিডিপি গেজেট, স্বাধীন বাংলা বেতার শব্দ সৈনিক গেজেট, বীরঙ্গনা গেজেট, স্বাধীন বাংলা ফুটবল দল গেজেট ও মুজিবনগর গেজেটে নাম অন্তর্ভুক্ত থাকলে এবং ভাতার জন্য আবেদন করলে জুলাই ২০১৭ হতে অথবা আবেদনের সময় হতে ভাতা প্রাপ্ত হবেন।

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

১৯। ন্যাপ কমিউনিস্ট ছাত্র ইউনিয়ন ও গেরিলা বাহিনী ও বিসিএস গেজেটভুক্তদের ক্ষেত্রে ভাতার আবেদন পত্রের সাথে পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুতির স্বার্থে সংযুক্ত তথ্য ফরম পূরণ পূর্বক ডিসি অফিসে সংরক্ষণসহ এ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

এ বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০৭-২০১৭ তারিখের ০৭.১০৮.০২০.৬৩.০৫.০১৪.২০০২ (অংশ-১) সংখ্যক নথির উদ্ধৃতাংশ মূলে সম্মতি রয়েছে।

(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব (বাজেট)
ফোন: ৯৫৫০১৩৩
dsbudget@molwa.gov.bd

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.০২০.০৩১.০১৯.২০১৭- 809

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৪ / ১০ আগষ্ট ২০১৭

বিতরণ (কার্যার্থে):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সমাজ কল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার (সকল) ............................................।
৫। জেলা প্রশাসক (সকল) ...............................................................।
৬। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়.......................................................।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, স্কাউট ভবন, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মঞ্জুরী পত্রটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। প্রশাসক, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ৩৯৩ নিউ ইস্কাটন রোড, মগবাজার, ঢাকা।
৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব (বাজেট)